গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)

স্মারক নং-মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৬০২/বিইডিইউ (অংশ-১)/২০২৩/৮৫৭ তারিখ : ০৬.০৬.২০২৩ খ্রি.

বিষয় : মাধ্যমিক/দাখিল পর্যায়ে ধারাবাহিক মূল্যায়ন (CA) বিষয়ক মাঠ পর্যায়ের ০৬ (ছয়) দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-এর আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের প্রশিক্ষণ পরিকল্পনা অনুসারে মাধ্যমিক/দাখিল পর্যায়ের শিক্ষকগণের জন্য ধারাবাহিক মূল্যায়ন (CA) বিষয়ক মাঠ পর্যায়ের ০৬ (ছয়) দিনব্যাপী প্রশিক্ষণ সংযুক্ত সূচি (সংলগ্নি 'ক') অনুসারে বিভিন্ন জেলায় আয়োজনের পরিকল্পনা করা হয়েছে। জেলা শিক্ষা অফিসার কর্মসূচি বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবেন।

২। <u>কর্মসূচি সঠিকভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে:</u>

ক. বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচি জেলা সদরে জেলা শিক্ষা অফিসের তত্ত্বাবধানে আয়োজিত হবে। প্রোগ্রাম সমন্বয়ক হিসাবে জেলা শিক্ষা অফিসারের সাথে সংশ্লিষ্ট ভেন্যু প্রধান এবং ডিস্ট্রিক্ট ট্রেনিং কো-অর্ডিনেটর প্রতিদিন সম্মিলিতভাবে প্রোগ্রাম আয়োজনের দায়িত্ব পালন করবেন। প্রধান প্রশিক্ষক কর্মসূচি আয়োজনে সার্বিক সহযোগিতা করবেন। একজন কর্মকর্তা একদিনে একাধিক সম্মানী প্রাপ্য হবেন না।

খ. কর্মসূচির জন্য যথাসম্ভব ০১টি ভেন্যু নির্বাচন করতে হবে। ভেন্যু নির্বাচনে পর্যাপ্ত আলো বাতাস, প্রক্ষালন ব্যবস্থা, যোগাযোগ ব্যবস্থা ও লজিস্টিক সুবিধাকে প্রাধান্য দিতে হবে। আনুমানিক ৪০ জন অংশগ্রহণকারীর জন্য একটি কক্ষের ব্যবস্থা করতে হবে। বাংলা, ইংরেজি, বাংলাদেশ ও বিশ্বপরিচয়,গণিত ও বিজ্ঞান বিষয়ের প্রতিটির জন্য ১টি করে কক্ষের ব্যবস্থা করতে হবে। প্রতিটি ভেন্যুতে কর্মসূচি পরিচালনার জন্য একটি পৃথক নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করতে হবে।

গ. পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট বিষয়ের (বাংলা, ইংরেজি, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, গণিত, বিজ্ঞান) শিক্ষকগণ এ প্রশিক্ষনের আওতায় আসবেন। একজন শিক্ষক বর্ণিত বিষয়সমূহের শুধুমাত্র একটি বিষয়ে এবং একবারই এ প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবেন । প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র ছাড়া কোন শিক্ষক কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবেন না।

ঘ. অংশগ্রহণকারী শিক্ষকগণকে সংশ্লিষ্ট বিষয়ের ১টি করে ম্যানুয়েল প্রদান করতে হবে। অংশগ্রহণকারী শিক্ষকগণকে সংশ্লিষ্ট বিষয়ের পাঠ্যপুস্তক সঙ্গে আনার নির্দেশনা প্রদান করতে হবে। **প্রশিক্ষণের সময় কোন জেলায় বর্ণিত যেকোন বিষয়ের ম্যানুয়াল ঘাটতি হলে নিকটবর্তী/ পাশ্ববর্তী জেলা হতে প্রতিনিধি প্রেরণের মাধ্যমে হাতে হাতে প্রয়োজনীয় ম্যানুয়াল সংগ্রহ করতে হবে।**

ঙ. প্রশিক্ষণ কর্মসূচি প্রতিদিন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত চলবে (দুপুরের নামাজ ও খাবারের জন্য ১ ঘন্টা বিরতি থাকবে, শুক্রবার মধ্যাহ্ন বিরতি ০১:০০ থেকে ২:৩০ পর্যন্ত হবে এবং কর্মসূচি বিকাল ৫:০০টার পরিবর্তে ৫:৩০ মিনিটে শেষ হবে)।

চ. **মাস্টার ট্রেইনারগণ অবশ্যই ম্যানুয়্যাল সঙ্গে আনবেন এবং ম্যানুয়ালের সকল বিষয়বস্তু ৬ দিনের মধ্যে সম্পন্ন করবেন।** দায়িত্বপ্রাপ্ত মাস্টার ট্রেইনারগণ সংশ্লিষ্ট কক্ষের হাজিরা গ্রহণ করবেন। প্রশিক্ষণ শুরুর দিন দুপুর ১২ ঘটিকার মধ্যে হাজিরা সিটের সর্বশেষ প্রশিক্ষণার্থীর স্বাক্ষরের নীচে মাস্টার ট্রেইনারগণ নিজ নিজ স্বাক্ষর প্রদান করবেন। ভেন্যু প্রধান প্রতিটি কক্ষের হাজিরা সিটে প্রতি স্বাক্ষর করবেন।

ছ. প্রোগ্রাম সমন্বয়ক/ ডিস্ট্রিক্ট ট্রেনিং কো-অর্ডিনেটর আবশ্যিকভাবে কর্মসূচির ১ম দিনে দুপুর ১২ টার মধ্যে অংশগ্রহণকারী শিক্ষকদের **বিষয়ভিত্তিক** সংখ্যা (মহিলা ও পুরুষ বিভাজনসহ) এবং হাজিরা সিটের স্ক্যানড কপি **জাতীয় পরিচয়পত্রের নম্বরসহ ই-মেইলে <u>spsu.training2017@gmail.com</u>** প্রেরণ করবেন। মাস্টার ট্রেইনারগণের হাজরা সিটের স্ক্যান্ড কপিও অনুরূপভাবে প্রেরণ করতে হবে।

জ. প্রশিক্ষণ কর্মসূচিতে সংশ্লিষ্ট শিক্ষক/প্রশিক্ষক/কর্মকর্তাবৃন্দ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাজেট অনুসারে ভাতাদি প্রাপ্য হবেন । অনুমোদিত বাজেটের কপি ও মঞ্জুরীপত্র পৃথকভাবে প্রেরণ করা হবে।

ঝ. **প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষকদের (মহিলা ও পুরুষ বিভাজনসহ) একটি ডাটাবেজ (Excel সিটে মোবাইল নাম্বারসহ ইংরেজিতে) তৈরি করে কর্মসূচি শেষ হওয়ার ০৫ (পাঁচ) দিনের মধ্যে <u>spsu.training2017@gmail.com</u> ই-মেইলে সফটকপি প্রেরণ করতে হবে। একইসাথে তা মাউশি'র EMIS এর Training Management Module এ Upload করতে হবে। প্রশিক্ষণ কর্মসূচির স্থিরচিত্র ধারণ করে কয়েকটি কপি প্রশিক্ষণার্থীদের তালিকার সাথে প্রেরণ করতে হবে।**

ঞ. প্রশিক্ষণ কর্মসূচি শেষ হওয়ার ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে খাতভিত্তিক সংক্ষিপ্ত ব্যয় বিবরণী (**Summary Expenditure Statement**) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হতে প্রাপ্ত সমন্বয় আদেশের কপিসহ যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা বরাবর পত্রে বর্ণিত ই-মেইলে প্রেরণ করতে হবে। সমস্ত ব্যয় ভাউচারের কপি নিরীক্ষা কার্যক্রমের জন্য নিজ নিজ দপ্তরে সংরক্ষণ করতে হবে।

ট. প্রশিক্ষণে প্রতিদিন সকালের নাস্তা ও বিকালের চা-এর ব্যবস্থা করতে হবে এবং দুপুরের খাবার পরিবর্তে নির্ধারিত ভাতা (নগদ অর্থ) প্রদান করতে হবে।

৩। বর্ণিত কর্মসূচির মাস্টার ট্রেইনার তালিকা আগামী ০৮.০৬.২০২৩ তারিখ পত্রসহ প্রেরণ করা হবে। জেলা শিক্ষা অফিসারগণ তালিকাভুক্ত মাস্টার ট্রেইনারগণের সাথে যোগাযোগের মাধ্যমে কর্মসূচিতে তাঁদের উপস্থিতি নিশ্চিত করবেন তবে নির্বাচিত কোন মাস্টার ট্রেইনার কর্মসূচিতে অংশগ্রহণে অপারগ হলে রিজার্ভ হিসেবে তালিকাভুক্ত মাস্টার ট্রেইনারের সাথে যোগাযোগ করবেন।

৪। শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও এসপিএসইউ, সেসিপের কর্মকর্তাগণ প্রশিক্ষণ মনিটরিং করবেন। ঢাকা জেলাসহ সকল জেলায় মনিটরিং কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত জেলা শিক্ষা অফিসারগণ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখবেন।

৫। প্রধান প্রশিক্ষককে সার্বক্ষণিক ভেন্যুতে উপস্থিত থেকে অন্যান্য প্রশিক্ষক ও কো-অর্ডিনেটরগণকে প্রশিক্ষণ আয়োজনে সহায়তা প্রদান, প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয় ও গুণগত মান নিশ্চিত করতে হবে। প্রতিকক্ষে দুইজন মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ পরিচালনা করবেন।

৬। উক্ত কর্মসূচি সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে মোহাম্মদ সাজ্জাদ হোসেন, সহকারী পরিচালক (প্রোগ্রাম-২), টেলিফোন: ০২২২৩৩৫৩৮৪৩, এসপিএসইউ, সেসিপ এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

০৬/০৬/২৩

(প্রফেসর ড.সামসুন নাহার)
যুগ্ম প্রোগ্রাম পরিচালক (অ.দা)
টেলিফোন: ০২২২২৩৩৩৭১২

**জেলা শিক্ষা অফিসার :** (হবিগঞ্জ, ঝালকাঠি, পটুয়াখালি, রাঙামাটি ও সুনামগঞ্জ জেলা ব্যতীত) **সকল জেলা** ।

স্মারক নং-মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৬০২/বিইডিইউ (অংশ-১)/২০২৩/৬৫৭ তারিখ : ০৬.০৬.২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
[দৃ.অ. অতিরিক্ত-সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।]
২. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. পরিচালক (মাধ্যমিক/প্রশিক্ষণ/ পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাউশি, সংশ্লিষ্ট অঞ্চল (অধীক্ষেত্রাধীন জেলাসমূহে প্রশিক্ষণ কর্মসূচি পর্যবেক্ষণের অনুরোধসহ)।
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৬. জেলা প্রশাসক (সংশ্লিষ্ট জেলা)-----------------------------------(কর্মসূচি আয়োজনে সহযোগিতার অনুরোধসহ)।
৭. উপ-পরিচালক (সকল), সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।
৮. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা (প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় অগ্রিম প্রদানের অনুরোধসহ)।
৯. প্রধান শিক্ষক/সুপার-------------------------------(কর্মসূচিতে অংশগ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১০. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা (জেলা শিক্ষা অফিসারের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
১১. হিসাবরক্ষণ কর্মকর্তা, এসপিএসইউ, সেসিপ---(সংশ্লিষ্ট জেলায় প্রয়োজনীয় বরাদ্দ প্রদানে ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১২. জনাব --------------------------------------(নির্ধারিত তারিখে যথাসময়ে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনের অনুরোধসহ)।
১৩. সংরক্ষণ নথি।

06.06.2023

(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)
সহকারী পরিচালক (প্রোগ্রাম-২)
☎ ০২২২৩৩৫৩৮৪৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম
জেলাভিত্তিক প্রশিক্ষণ সূচি- জুন ২০২৩

সংলগ্নি 'ক'

| SL | Districts | Batch-1 10-15 June 2023 | | | Batch-2 16-21 June 2023 | | | Total | | | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | NT | R | MT | NT | R | MT | NT | R+1 | MT+1 | |
| 1 | Bagerhat | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 2 | Bandarban | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |
| 3 | Barguna | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 4 | Barishal | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 5 | Bhola | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 6 | Bogura | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 7 | Brahmanbaria | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 8 | Chandpur | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 9 | Chapainawabganj | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 10 | Chittagong | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 11 | Chuadanga | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 12 | Cumilla | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 13 | Cox's Bazar | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 14 | Dhaka | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 15 | Dinajpur | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 16 | Faridpur | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 17 | Feni | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 18 | Gaibandha | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 19 | Gazipur | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 20 | Gopalganj | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 21 | Jamalpur | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 22 | Jashore | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 23 | Jhenaidah | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 24 | Joypurhat | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 25 | Khagrachhari | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 26 | Khulna | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 27 | Kishoreganj | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 28 | Kurigram | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 29 | Kushtia | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 30 | Lakshmipur | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 31 | Lalmonirhat | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 32 | Madaripur | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 33 | Magura | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 34 | Manikganj | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 35 | Meherpur | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 36 | Moulvibazar | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 37 | Munshiganj | 200 | 5 | 10 | | | | 200 | 6 | 11 | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম
জেলাভিত্তিক প্রশিক্ষণ সূচি- জুন ২০২৩

| SL | Districts | Batch-1 | | | Batch-2 | | | Total | | | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | 10-15 June 2023 | | | 16-21 June 2023 | | | | | | |
| 38 | Mymensingh | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 39 | Naogaon | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 40 | Narail | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 41 | Narayanganj | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 42 | Narsingdi | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 43 | Natore | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 44 | Netrakona | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 45 | Nilphamari | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 46 | Noakhali | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 47 | Pabna | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 48 | Panchagarh | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 49 | Pirojpur | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 50 | Rajbari | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 51 | Rajshahi | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 52 | Rangpur | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 53 | Satkhira | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 54 | Shariatpur | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 55 | Sherpur | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 56 | Sirajganj | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 57 | Sylhet | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 58 | Tangail | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| 59 | Thakurgaon | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 400 | 11 | 21 | |
| | | **11800** | **295** | **590** | **11400** | **285** | **570** | **23200** | | | |
| | | 59 | | | 57 | | | | | | |

| P | NT | NPDW |
|---|---|---|
| 1 | 11800 | 59 |
| 2 | 11400 | 57 |

NT-Net Trainee/Teacher
MT- Master Trainer
R-Room
NPDW- Number of Batch, Districtwise
P- Batch